আমঝুপিতে তৃণমূল মডেল একাডেমীর শিশুবরণ ও বার্ষিক অভিভাবক সম্মেলন

গবেষণা ধর্মীশিক্ষা প্রতিষ্ঠান তৃণমূল মডেল একাডেমী আমঝুপি শাখার অভিভাবকদের নিয়ে বার্ষিক সম্মেলন, শিশুবরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (১০ ফেব্রুয়ারি) সকাল ১০ টার দিকে তৃণমূল মডেল একাডেমী চত্বরে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

আমঝুপি ইউনিয়নের কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সহ-সভাপতি আব্দুর রকিবের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা শিক্ষা অফিসার মো: ফারুক উদ্দীন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন একাডেমীর প্রতিষ্ঠাতা পরিচালক ও মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম।

এ সময় বক্তব্য রাখেন কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সদস্য আক্তার হোসেন, অভিভাবক নারগিস চৌধুরী ও আশরাফ ইসলাম।

পরে তৃণমূল মডেল একাডেমী-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তি হওয়া নতুন শিক্ষার্থীদের ফুল দিয়ে ও মিষ্টি মুখ করিয়ে বরণ করে নেওয়া হয়।

উক্ত অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মানবাধিকার কর্মী সাদ আহম্মেদ ও সার্বিক দায়িত্ব পালন করেন মানবাধিকার কর্মী মোছাঃ কাজল রেখা।

আমঝুপিতে কমিউনিটি এডুকেশন

ওয়াচ ওরিয়েন্টেশন সভা অনুষ্ঠিত

‘ ‘সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করা, ঝরেপড়া রোধ ও বাল্যবিবাহ রোধে ইয়ুথ ফোরাম নানা ভাবে কর্মসূচী গ্রহন ও বাস্তবায়ন করছে”।

তার ধারাবাহিকতায় আজ রবিবার সকাল ১০টার দিকে মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর হলরুমে ইয়ুথ ফোরাম এর দায়-দায়িত্ব বিষয়ক প্লানিং ও ওরিয়েন্টেশন সভার আয়োজন করা হয় ।

গনসাক্ষরতা অভিযানের সহায়তায় মানব উন্নয়ন কেন্দ্র মউক এ কর্মসূচী বাস্তবায়ন করছে।

মানব উন্নয়ন কেন্দ্র (মউক) কের নির্বাহী প্রধান আশাদুজজ্জামান সেলিমের সভাপতিত্বে মেহেরপুর জেলার সার্বিক শিক্ষার সুযোগ, শিক্ষার বাস্তবতা, ঝরেপড়া রোধ, শিশুদের বিদ্যালয়ে আনন্দঘন পরিবেশে পাঠদান, বিদ্যালয়ে স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুশাসন নিশ্চিত করতে এবং বাল্যবিবাহ রোধে ইয়ুথদের ভূমিকা বিষয়ে আলোচনা করা হয়।

এসময় মানব উন্নয়ন কেন্দ্র মউকের প্রোগ্রাম ম্যানেজার মোছাঃ কাজল রেখা, প্রকল্পের সহকারী প্রোগ্রাম অফিসার আশিক বিল্লাহ ও চাঁদতারা সূর্য, গণমাধ্যমকর্মী সহ মেহেরপুর সদর উপজেলার আমদহ, আমঝুপি ও বারাদী ইউনিয়নের যুব প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

আমঝুপিতে শীতার্তদের মাঝে শীত বস্ত্র বিতরণ

মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে মানব উন্নয়ন কেন্দ্র (মউক) কের আয়োজনে অতিদরিদ্র অসহায় প্রতিবন্ধী ও শিশুদের মাঝে শীত বস্ত্র বিতরণ করা হয়েছে।

আজ বুধবার বিকাল ৩টার দিকে মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর অফিস

চত্বরে এ শীত বস্ত্র বিতরণ করা হয়।

মানব উন্নয়ন কেন্দ্র (মউক) কের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে শীত বস্ত্র বিতরণ অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী কমিশনার (ভূমি) মো: মাজহারুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ টেলিভিশনের জেলা প্রতিনিধি আল আমিন হোসেন।

পরে এলাকার ৫শতাধিক অসহায় মানুষের মাঝে শীত বস্ত্র বিতরণ করা হয়।

সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও আওয়ামীলীগ নেতা আসলাম শিহির আর নেই

মেহেরপুরের কৃতী সন্তান সাংস্কৃতিক ব্যক্তিত্ব, মেহেরপুর জেলা আওয়ামীগের সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক ও বাংলাদেশ টেলিভিশনের উপস্থাপক আসলাম শিহির আর নেই (ইন্না-লিল্লাহ ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

আজ মঙ্গলবার (৩০ জানুয়ারি) দুপুর ১ টার দিকে ঢাকা ভাড়া বাসায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তিনি সদর উপজেলা আমঝুপি গ্রামের দক্ষিণপাড়ার মৃত আজাহার বিশ্বাসের ছেলে।

দুরারোগ্য থাইরয়েড ব্যাধিতে ভুগছিলেন দেশের বিশিষ্ট আবৃত্তিশিল্পী, নাট্যাভিনেতা, টিভি ও রেডিওর উপস্থাপক আসলাম শিহির।

থাইরয়েড গ্রন্থি ফুলে গিয়ে তীব্র ব্যথা হলে গত সেপ্টেম্বর মাসের শুরুর দিকে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে (বিএসএমএমইউ)-তে ভর্তি হন আসলাম শিহির। সেখানে নানা পরীক্ষা- নিরীক্ষার পরে চিকিৎসকরা তার অপারেশন করার সিদ্ধান্ত নেন।

দুর্ভাগ্যবশত অপারেশন সফল হয়নি।

উল্লেখ্য, তিনি বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় সাংস্কৃতিক উপকমিটির সদস্য। তিনি ছাত্র জীবন থেকেই রাজনীতিতে জড়িয়ে পড়েন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের রাজনীতিতে সক্রিয় সদস্য ছিলেন। পরে ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির দুবার সাংস্কৃতিক সম্পাদক হন।

এর আগে আসলাম হোসেন শিহির মেহেরপুর জেলা ছাত্রলীগের সহসভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন। বর্তমানে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাংস্কৃতিক সম্পাদক হিসেবেও দায়িত্ব পালন করছেন।

ব্যক্তি জীবনে তার স্ত্রী, এক ছেলে ও এক মেয়ে রয়েছে। ছেলে-মেয়ে দুজনেই স্কুলে পড়ছে।

আমঝুপিতে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের ত্রৈ-মাসিক সভা

‘ ‘সবারজন্য মানসম্মত শিক্ষা নিশ্চিতকরা, ঝরে পড়া রোধ ও কমিউনিটির অংশ গ্রহনে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ নানাভাবে কর্মসূচী গ্রহন ও বাস্তবায়ন করছে”। তার ধারাবাহিকতায় শনিবার সকাল ১০টার দিকে মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর হলরুমে কমিউনিটি এডুকেশন ওয়াচগ্রুপের ত্রৈ-মাসিক সভা অনুষ্ঠিত হয়।

গনসাক্ষরতা অভিযানের সহায়তায় মানব উন্নয়ন কেন্দ্র মউক এ কর্মসূচী বাস্তবায়ন করছে।

কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি অধ্যাপক সাইদুর রহমানের সভাপতিত্বে মেহেরপুরের প্রাথমিক শিক্ষায় বর্তমান সার্বিক অবস্থা বিশ্লেষণ করে মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম “তিনি ঝরে পড়া রোধে এস.এম.সি, পিটিএ ও স্লীপ কমিটির কার্যক্রম, কমিউনিটির অংশ গ্রহন সহ শিক্ষায় বিনিয়োগও শিশু বান্ধব শিক্ষা নিয়ে নানা কর্মসূচী তুলে ধরেন”।

এসময় আরো বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা গোলাম কিবরিয়া, জেলা

প্রোগ্রাম ম্যানেজার সাদ আহাম্মদ, প্রকল্পের প্রোগ্রাম ম্যানেজার মোছাঃ কাজল রেখা ।

অনুষ্ঠানে আমদহ ও আমঝুপি ইউনিয়নের সদস্যগণ উপস্থিত ছিলেন। পরিচালনার স্বার্বিক দায়িত্বে ছিলেন কমিউনিটি এডুকেশন ওয়াচ কার্যক্রমের সহকারী প্রোগ্রাম অফিসার মোঃ আশিক বিল্লাহ এবং মোছাঃ চাঁদ তারা সূর্য।

আমঝুপিতে মহান বিজয় দিবস উদযাপন

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নে মহান বিজয় দিবস পালন করা হয়েছে। আজ সকাল ৮টার সময় আমঝুপি ইউনিয়ন আওয়ামী লীগ দলীয় কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলনের মধ্যে দিয়ে মহান বিজয় দিবস পালন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা আওমী লীগের সভাপতি ও আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান মোঃ বোরহান উদ্দিন আহাম্মেদ (চুন্নু), আমঝুপি ইউনিয়নের সভাপতি ও মুক্তিযোদ্ধা মোঃ মতিউর রহমান, আমঝুপি ইউনিয়ন সাধারণ সম্পাদক মোঃ আনোয়ার সাদাত, আমঝুপি ইউনিয়ন কৃষক লীগ সভাপতি মোঃ মহাবুল হক, আমঝুপি ইউনিয়ন সেচ্ছাসেবক লীগের সভাপতি মোঃ মিনারুল ইসলাম, ৪নং ওয়ার্ডের সভাপতি মোঃ আসাদুল হক মন্টু ও সাধারণ সম্পাদক মোঃ খাইরুল আলম টুটুল।

এর আগে আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের জাতীয় পতাকা উত্তলন করেন প্রধান শিক্ষক মোঃ রুহুল আমিন ও সহকারী প্রধান শিক্ষক মোঃ হাফিজুজ্জামান।

পরে সকাল ৮ টার সময় বিদ্যালয়ের ছাত্রী ও শিক্ষক ও কর্মচারী সহ আমঝুপি- চুয়াডাঙ্গা সড়কে একটি র্যালী বের করে র্যালীটি প্রধান সড়ক প্রদক্ষিণ করে বিদ্যালয়ে এসে শেষ হয়।

এসময় উপস্থিত ছিলেন বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোঃ আবুল হাসান, মোঃ বছির আহম্মেদ, মোঃ রাফিউল ইসলাম, মোঃ আসাদুল হক, মোঃ হাবিবুর রহমান, মোঃ ফারাহ হোসেন লিটন, মোঃ আলহাজ্ব হোসেন, মোছাঃ সাহেদা বানু, মোছাঃ নার্গিস চৌধুরী, মোছাঃ শাহানাজ খাতুন।

এ ছাড়াও আমঝুপি বি,এ,ডি,সিতে জাতীয় পতাকা উত্তোলন করেন ডাল ও তৈল প্রকৃয়াজাত করন কেন্দ্রের উপ-পরিচালক মোঃ জিয়াউর রহমান ও আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ে পতাকা উত্তোলন করেন প্রধান শিক্ষক মোঃ আহাম্মদ আলী, সহাকারী প্রধান শিক্ষক মোঃ কামরুজ্জদোজা পরাগসহ বিদ্যালয়ের সহকারী শিক্ষক, কর্মচারী, ছাত্র-ছাত্রীরা।

মেহেরপুরের আমঝুপিতে সমবায় দিবস উপলক্ষ্যে মানববন্ধন ও আলোচনা সভা

জাতীয় সমবায় দিবস উদযাপন উপলক্ষ্যে আজ সকাল দশটার দিকে আমঝুপিতে এক মানববন্ধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। এএলআরডি‘র সহযোগিতায়, মানব উন্নয়ন কেন্দ্র মউক এ সভার আয়োজন করে।

মেহেরপুর চুয়াডাঙ্গা মহাসড়কে মানববন্ধন শেষে মউক হলরুমে মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম এর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর সদর উপজেলা সমবায় অফিসার মোঃ মনিরুজ্জামান।

জাতীয় সমবায় দিবসের আলোচনায়, সুবিধাবঞ্চিত প্রান্তিক জনগোষ্ঠীর সমবায়, পারিবারিক কৃষি, ভূমিস্বত্ব ও সরকারি পরিসেবা বিষয়ে আলোচনা করা হয়।

আলোচনায় আরো বক্তব্য রাখেন মউকের সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার মুরাদ হোসেন, সাদ আহাম্মদ ও চাঁদবিল হালদারপাড়া নারী জনসমবায় দলের নারীনেত্রী শিউলি রানী প্রমূখ। সভায় এলাকার বিভিন্ন পেশার প্রতিনিধিগন সহ বিভিন্ন নারী জনসমবায় দলের সদস্যগন অংশগ্রহণ

করেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জনসমবায় দলের উন্নয়ন কর্মী মোঃ শাহিনুর হোসেন।

মেহেরপুরের আমঝুপিতে ওয়াচ গ্রুপের ত্রৈ-মাসিক সভা অনুষ্ঠিত

‘ ‘সবারজন্য মানসম্মত শিক্ষা ও শিক্ষায় বৈষম্য দূর করতে সামাজিক প্লাটফরম কমিউনিটি এডুকেশন ওয়াচ কার্যক্রমের ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকাল ১০ টার দিকে মউকের হলরুমে গনসাক্ষরতা অভিযানের সহায়তায় ও মউকের আয়োজিত কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা আওয়ামীলীগ দপ্তর সম্পাদক বীর মুক্তিযোদ্ধা গোলাম কিবরিয়ার সভাপতিত্বে ওয়াচ গ্রুপের বর্তমান ও আগামী পরিকল্পনা নিয়ে স্বাগত বক্তব্য দেন মউকের নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম।

এ ছাড়াও বক্তব্য রাখেন আমঝুপি ইউনিয়ন ওয়াচ গ্রুপের সহ-সভাপতি মেহেরপুর পৌর কাউন্সিলর আব্দুর রহিম, ওয়াচ সদস্য আক্তার হোসেন, সমাজসেবক আব্দুর রকিব ও মীর ফারুক হোসেন।

এসময় সভায় সকল শিশুকে বিদ্যালয়ে ভর্তি, শিক্ষায় বৈষম্য দূর সহ প্রান্তিক জনগোষ্ঠির শিশুদের বিষয়ে জোর দেওয়া হয়।

অনুষ্ঠানটি পরিচালনা করেন মউক এর প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা।

হরতাল সমর্থনে মেহেরপুরে বিএনপির মিছিল

বিএনপি’র-জামাইয়াতের ডাকা ৪৮ ঘন্টা হরতালের প্রথম দিনে হরতাল সমর্থনে মিছিল করেছে মেহেরপুর জেলা বিএনপি।

আজ রবিবার ১৯ নভেম্বর ভোর ৬ টায় মেহেরপুর সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও আমঝুপি ইউনিয়ন পরিষদের সাবেক ইউপি চেয়ারম্যান সাইফুল ইসলামের নেতৃত্বে আমঝুপি-গাড়াডোব সড়কে মিছিলটি শুরু হয় এবং সড়ক প্রদক্ষিণ করে।

হরতালের কারণে সকাল থেকে আন্ত: জেলা বাস চলাচল বন্ধ থাকলেও, দোকানপাট খোলা আছে। এছাড়াও রিক্সা, ইজিবাইক সহ সকল ধরনের ছোট যান চলাচল স্বাভাবিক রয়েছে।

মেহেরপুরের আমঝুপিতে ঘরের তালা ভেঙ্গে চুরি

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি বাজারের ইউনিয়ন পরিষদ কার্যালয় সংলগ্ন একটি বাড়িতে রাতের আঁধারে তালা ভেঙে চুরির ঘটনা ঘটেছে।

সোমবার দিবাগত রাতে জামিনি কর্মকারের ছেলে রুস্তম কুমারের পুরাতন ভাড়া বাড়ির তালা ভেঙে এই চুরির ঘটনা ঘটেছে।

জানা গেছে রুস্তম কুমার আমঝুপি ইউনিয়ন পরিষদের পশ্চিম দিকে একটি ভাড়া বাসায় থাকত। সম্প্রতি পূজা তলায় নতুন বাড়ি নির্মাণ করে সেখানে মালামাল স্থানান্তর করছিলেন। রাতে চোরেরা জনশূন্য ঘরের তালা ভেঙে কাঁসা ও পিতলের সামগ্রীসহ প্রায় লক্ষাধিক টাকার মালামাল নিয়ে গেছে বলে রুস্তম কুমার অভিযোগ করেছেন।

তবে এ ব্যাপারে তিনি এখন পর্যন্ত পুলিশের কাছে কোন লিখিত অভিযোগ করেননি।